অধিবেশন নং-০১/২০২৩-২৪

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

১.১ সভাপতি ঃ সুবীর কুমার দাশ, উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা।
১.২ স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, ঈশ্বরদী, পাবনা।
১.৩ তারিখ ঃ ৩০/০৮/২৩ খ্রিঃ, সময় ঃ ১০.০০ ঘটিকা।

১.৪ উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | উপজেলা প্রাণীসম্পদ অফিসার, ঈশ্বরদী, পাবনা। | স্বাক্ষরিত |
| ২. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ঈশ্বরদী, পাবনা। | স্বাক্ষরিত |
| ৩. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঈশ্বরদী, পাবনা। | স্বাক্ষরিত |
| ৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ঈশ্বরদী, পাবনা। | স্বাক্ষরিত |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, ঈশ্বরদী, পাবনা। | স্বাক্ষরিত |

১.৫ ঃ অদ্যকার সভায় সভাপতি জনাব সুবীর কুমার দাশ, উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মিতা সরকার, উপজেলা কৃষি অফিসার মহোদয়কে সভা পরিচালনার অনুরোধ জানান।

আলোচনা-১ ঃ সভার সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, পাবনা মহোদয়ের স্মারক নং-১২.১৭.৭৬০০.০৪১.১৬.০২৭.২৩.১৭১০ তারিখঃ ২৪/০৮/২৩ খ্রি. মোতাবেক এবং কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.২৪৩ তারিখঃ ২১/০৮/২০২৩খ্রিঃ মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই প্রনাদনার কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি পত্রটি সভায় পাঠ করে শোনান ও কৃষি প্রণোদনা উপকরণ বিতরণ বিষয়ে সরকারের নির্দেশনা সমুহের বিষয়ে বর্ণনা করেন এবং ঈশ্বরদী উপজেলার অনুকুলে মাসকলাইয়ের ৪০০ জন/বিঘা বরাদ্দ পাওয়া গেছে যা অত্র উপজেলায় খরিফ-২ মৌসুমে মাসকলাই ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপজেলার বিগত বছরের আবাদ ও উপযোগীতার ভিত্তিতে প্রাপ্ত বরাদ্দকে ইউনিয়ন ভিত্তিক উপবরাদ্দ বিভাজন দেয়ার অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে সভার উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন এবং কৃষি প্রণোদনা উপবরাদ্দ ও বাস্তবায়ন বিষয়ে নিম্ন বর্নিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ১ ঃ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব মহোদয়ের প্রস্তাবমতে খরিফ-২ মৌসুমে ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিগত বছরের আবাদ ও উপযোগীতার ভিত্তিতে উপজেলার ১টি পৌরসভার ও ৭টি ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাগন নির্বাচিত ক্ষুদ্র ও প্রান্তিক তালিকাভুক্ত কৃষকগন "পরিশিষ্ট-ক" মোতাবেক বিভাজন ও উপকরনাদি প্রাপ্য হবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত ২ ঃ বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতি মোতাবেক খরিফ-২ মৌসুমে ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন কৃষি কমিটির মাধ্যমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককেই সহায়তার আওতায় তালিকাভুক্ত করবে । সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচীর জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষক উপকরণ কার্ডের ভর্তুকি অংশে যথাযথভাবে উপকরণের পরিমান লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কোন কৃষকের উপকরণ কার্ড না থাকলে সেক্ষেত্রে মাষ্টাররোল কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নং, জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে), স্ট্যাম্প সাইজের ছবি সংযুক্তকরণ পূর্বক মাস্টাররোলে সংরক্ষণ করতে হবে।

সিদ্ধান্ত ৩ ঃ একজন কৃষক ১ বিঘা জমির জন্য উপকরণ সহায়তা পাবেন। এ কর্মসূচীর সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে স্বাক্ষর প্রদান করে গ্রহণ করবেন। কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা এক জনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না।

সিদ্ধান্ত ৪ ঃ বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতি মোতাবেক প্রণোদনা উপকরণ বিতরণের সময় উপজেলার কমিটির সকল সদস্য যথাসম্ভব উপস্থিত থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সেই সঙ্গে জেলা কমিটির ইতিপূর্বে নির্দেশনা মোতাবেক প্রণোদনা উপকরন বিতরণের মাস্টার রোলে উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির পক্ষে মনোনীত সদস্য হিসাবে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা স্বাক্ষর করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

CamScanner

সিদ্ধান্ত ৫ ঃ এই কৃষি প্রনোদনা কর্মসুচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য মনিটরিং কর্মকর্তা হিসাবে অত্র দপ্তরের কৃষি সম্প্রসারন অফিসার মোঃ জহির রায়হান দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত ৬ ঃ আগামী ৮/০৯/২৩ইং তারিখের মধ্যে বিভাজন অনুযায়ী কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা কমিটির সদস্য সচিবের নিকট জমা প্রদানের জন্য প্রতিটি পৌরসভা ও ইউনিয়নের ব্লক পর্যায়ে দ্বায়িত্ব প্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাগন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩০/০৮/২০২৩

সুবীর কুমার দাশ
সভাপতি
উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী, পাবনা।

স্মারক নং- ১২.১৮.৭৬৩৯.০৪১.১৬.২৪৩.২৩. ৭৭৫ তারিখঃ ৩০/০৮/২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমনুসারে নয়)ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, পাবনা - ৪।
০২। জেলা প্রশাসক, পাবনা।
০৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, পাবনা।
০৪। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ঈশ্বরদী, পাবনা।
০৫। মেয়র, ঈশ্বরদী পৌরসভা, ঈশ্বরদী, পাবনা। বরাদ্দ মোতাবেক আগামী ০৮/০৯/২৩ খ্রি. তারিখের মধ্যে কৃষকগনের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা।
০৭-১৪। -----------------------------------সদস্য, উপজেলা কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কমিটি, ঈশ্বরদী, পাবনা।
১৫-২১। চেয়ারম্যান --------------------ইউনিয়ন পরিষদ, ঈশ্বরদী, পাবনা। বরাদ্দ মোতাবেক আগামী ০৮/০৯/২৩খ্রি. তারিখের মধ্যে কৃষকগনের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।
২২-২৩।অতিরিক্ত কৃষি কর্মকর্তা, অত্র দপ্তর।
২৪-৩১। উপ-সহকারী কৃষি কর্মকর্তা (সকল), -------------------------ইউনিয়ন, ঈশ্বরদী, পাবনা।
২৫। অফিস নথি।

৩০/০৮/২৩

মিতা সরকার
সদস্য সচিব
উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
ঈশ্বরদী, পাবনা।

CamScanner

# পরিশিষ্ট "ক"

২০২৩ -২০২৪ অর্থ বছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় মাসকলাই প্রনোদনার ইউনিয়নওয়ারী বিভাজন

উপজেলাঃ ঈশ্বরদী জেলাঃ পাবনা

| ক্রঃ নং | পৌরসভা/ ইউনিয়ন | মাসকলাইয়ের প্রনোদনা জন/বিঘা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | পৌরসভা | ৫০ | |
| ২ | সাঁড়া | ৬০ | |
| ৩ | পাকশী | ৪০ | |
| ৪ | মুলাডুলি | ৪০ | |
| ৫ | দাশুরিয়া | ৩০ | |
| ৬ | ছলিমপুর | ৩০ | |
| ৭ | সাহাপুর | ৩০ | |
| ৮ | লক্ষিকুন্ডা | ১২০ | |
| মোট | | ৪০০ | |

প্রতিজন কৃষকের উপকরন সহায়তার বিবরণ

| প্রতিজন কৃষক পাবেন (কেজি) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ফসল | বীজ | ডিএপি | এমওপি | |
| মাসকলাই | ৫.০ | ১০.০ | ৫.০ | ১০ জনের একটি গ্রুপ (প্রতি গ্রুপ ২ বস্তা ডিএপি ও ১ বস্তা এমওপি সার পাবে ) |

৩০/০৮/২৩

(মিতা সরকার)
সদস্য সচিব
উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
ঈশ্বরদী, পাবনা।

৩০/০৮/২০২৩

( সুবীর কুমার দাশ)
সভাপতি
উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী, পাবনা।

CamScanner

CamScanner